

২০২. ১৪২২২৭ (৬.৩৫)  
R. Khan  
৫. ১১. ২০



অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০২৫.২২.০৯৪.২০-৩৪৯

তারিখ : ২০ কার্তিক ১৪২৭  
০৫ নভেম্বর ২০২০

বিষয় : স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচন আইন, ২০২০ এর খসড়ার বিষয়ে মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্র : নং-১৭.০০.০০০০.০২৫.২২.০৮৭.২০-৩০৫, তারিখঃ ০১ অক্টোবর ২০২০


প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নির্বাচন কমিশন স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচনের বিভিন্ন আইনে নির্বাচন সংক্রান্ত যে সকল বিধান রয়েছে তার মৌলিক বিধানাবলি অক্ষুন্ন রেখে একটি একীভূত আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ করেছেন। একই সাথে প্রস্তাবিত আইনে কতিপয় ইংরেজি পদ-পদবী বাংলা শব্দ দ্বারা প্রতিস্থাপন করা হয়েছে। আইনটি চূড়ান্তকরণে সুশীল সমাজসহ সংশ্লিষ্ট অংশীজনের সুচিন্তিত মতামত প্রয়োজন।

০২। তাই, "স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচন আইন, ২০২০" এর একটি খসড়া ০১ নভেম্বর ২০২০ তারিখ নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইট [www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd) এ প্রকাশ করা হয়েছিল। স্থানীয় সরকার প্রতিষ্ঠান নির্বাচন আইন, ২০২০ এর বিষয়ে মতামত প্রদানের জন্য মাননীয় কমিশন ১৫ দিন সময়সীমা বৃদ্ধি করেছেন।

০৩। বর্ষিতাবস্থায়, ১৬ নভেম্বর ২০২০ এর মধ্যে আপনাদের সুচিন্তিত মতামত ও পরামর্শ (যদি থাকে) প্রদানের জন্য (সফটকপি সহ) নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৪। পরামর্শ প্রেরণের ঠিকানা: সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা-১২০৭ (Email: [secretary@ecs.gov.bd](mailto:secretary@ecs.gov.bd))।



(মোঃ আব্দুল হালিম খান)  
উপসচিব (নিঃসঃওসঃ)  
নির্বাচন কমিশন সচিবালয়  
ফোন# ০২-৫৫০০৭৫১৬

নং-১৭.০০.০০০০.০২৫.২২.০৯৪.২০-৩৪৯

তারিখ : ২০ কার্তিক ১৪২৭  
০৫ নভেম্বর ২০২০

অনুলিপি সদয় অবগতির জন্য :

- ১। প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার এর সদয় অবগতির জন্য)।
- ২। মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..... এর সদয় অবগতির জন্য)।
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৪। সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয় (পত্রটি নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

(মোঃ আব্দুল হালিম খান)  
উপসচিব (নিঃসঃওসঃ)  
নির্বাচন কমিশন সচিবালয়